

		<p>৫. মায়মুনা-লক্ষ্মিখালী, গাবুরা। তাছাড়া দুজন শিশু এলাকা ছেড়ে অন্যত্র চলে গেছে। যেমন: ১. রুদ্র মন্ডল- আটুলিয়া, ২. ইমরান-শ্যামনগর। এই শিশুদের পরিবর্তে আমরা নতুন শিশুদের তালিকা তৈরী করেছি।</p>		
৩	<p>এতিম, অসহায়, অবহেলিত শিশু নদী ও বৃষ্টির বিষয়ে পুন:আলোচনা করা।</p>	<p>শিশু নদী ও বৃষ্টির বিষয়ে পুনরায় আলোচনা করা হয়। আলোচনান্তে বলা হয় গত মিটিংএ তাদের দুজনের বিষয়ে নিম্নবর্ণিত বিষয়ে সিদ্ধান্ত হয়েছিল যেমন: ১. নদী ও বৃষ্টির বিষয়ে সরজমীনে গিয়ে বিষয়টা দেখতে হবে। ২. বৃষ্টিকে যত দ্রুত সম্ভব চিকিৎসার ব্যবস্থা করতে হবে। ৩. বৃষ্টিকে চিকিৎসার যে খরচ হবে সেটা রোগী কল্যাণ সমিতির থেকে দেওয়ার ব্যবস্থা করা।</p> <p>সদস্য সচিব মহোদয় বলেন, তাদের দুজনকে নিয়োগিত ফলোআপে রাখা হয়েছে। আমার অফিসের শিশু সুরক্ষা সমাজকর্মী প্রতিসপ্তাহে একবার তাদের সাথে দেখা করে, খোজ খবর নেয়। বৃষ্টির চিকিৎসা করা হয়েছে বর্তমানে সে সুস্থ ও স্বাভাবিক আছে।</p> <p>বৃষ্টি ও নদীর পালিত (কাকা) দেবেন্দ্র বলেন, স্যার আমার পরিবারে ২ ছেলে মেয়ে, মা ও আমি আমার স্ত্রী সহ মোট ৫ জন আছি। আমার একটায় ঘর। সেখানে আমাদের থাকতে অনেক কষ্ট হয়। আবার নদী ও বৃষ্টি সব মিলিয়ে ৭ জনের সংসার। একটা ঘরে ৭ জন থাকটা খুবই কঠিন। তাই বলছিলাম যদি একটা ঘর হয় তাহলে আমাদের অনেক ভালো হবে।</p> <p>সভাপতি মহোদয় বলেন নদী ও বৃষ্টির জন্য আমরা টিনের ব্যবস্থা করতে পারি। তাদের জমি গুলো সরজমীনে দেখে আসতে হবে আর কতগুলো টিন হইলে ঘর হবে সেগুলোর পরিমাপ করে আসতে হবে। বৃষ্টি ও নদীর পালিত (কাকা) দেবেন্দ্রকে বলেন, আপনারা টিন পাওয়ার জন্য একটা আবেদন করেন।</p>	<p>আলোচনান্তে সকলের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় যে, ১. টিনের জন্য আবেদন করতে হবে।</p>	<p>উপজেলা সমাজসেবা অফিসার ও সদস্য সচিব উপজেলা শিশু কল্যাণ বোর্ড, শ্যামনগর, সাতক্ষীরা।</p>
৪	<p>শিশু হযায়ফার এর বিষয়ে আলোচনা</p>	<p>সদস্য সচিব, কেস ম্যানেজমেন্টকৃত শিশু হযায়ফার বিষয়ে আলোচনাকালে বলেন; ভুরুলিয়া ইউনিয়নের গ্রাম ভলেন্টিয়ার শিরিনা আক্তার আমার কাছে এই শিশু হযায়ফাকে রেফার করেন। কারন সে ভাটায় কাজ করে ধুলে যেতে পারে না। সংসারে অভাব অনাটন লেগেই আছে, নুন আনতে পানতা ফুরাই। পিতা অসুস্থ আর মাতা অন্যের বাড়ীতে কাজ করে। এভাবে</p>	<p>আলোচনান্তে সকলের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় যে, ১. হযায়ফার বিষয়ে সরজমীনে গিয়ে বিষয়টা দেখতে হবে। ৪. আগামী মিটিংএ উত্থাপন করতে হবে।</p>	<p>উপজেলা সমাজসেবা অফিসার ও সদস্য সচিব উপজেলা শিশু কল্যাণ বোর্ড, শ্যামনগর, সাতক্ষীরা।</p>

A

২

	তাদের সংসার চলে। বর্ষায় বাড়ীর অবস্থা খুবই খারাপ হয়ে গেছে। ঘরের তিন পাশে মাটির দেওয়াল ভেঙ্গে গেছে। একপাশে দেওয়াল আছে। চাল ভেঙ্গে যাওয়ার কারণে বৃষ্টিতে ঘরের ভিতরে পানি পড়ে। রাতে বৃষ্টি আসলে তারা ঘরের এক কোণে গুটি শুটি হয়ে বসে রাত কাটিয়ে দেয়। তাছাড়া আবার হযায়ফার একটা কলেজে পড়ুয়া বোন আছে। তাকে নিয়ে এই অবস্থায় ঘরে থাকতে পারে না। যে কোন মুহুর্তে একটা দুর্ঘটনা ঘটতে পারে। কারন এলাকায় অপরাধ প্রবনতা আছে অনেক বেশি। এই অবস্থায় তারা অনেক সমস্যায় আছে। তারা একটা ঘরের আবেদন করেছেন।	
--	-----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------	--

বিবিধ আলোচনায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আক্তার হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি

উপজেলা শিশু কল্যাণ বোর্ড, শ্যামনগর, সাতক্ষীরা।

স্মারক নং-৪১.০১.৮৭৮৬.০০০.১৬.০৩৫.১৭. ২৭৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। জনাব এস. এম. জগলুল হায়দার, মাননীয় জাতীয় সংসদ সদস্য, সাতক্ষীরা-০৪।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্যামনগর, সাতক্ষীরা।
- ৩। পরিচালক, বিভাগীয়, সমাজসেবা কার্যালয়, খুলনা।
- ৪। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সাতক্ষীরা।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, শ্যামনগর, সাতক্ষীরা।
- ৬। চাইল্ড প্রটেকশন অফিসার, ইউনিসেফ, খুলনা।
- ৭। উপজেলা শ্যামনগর, সাতক্ষীরা।
- ৮। জনাব..... শ্যামনগর, সাতক্ষীরা।
- ৯। অফিস কপি।

(আরিফুজ্জামান)
২৭/০২/২৬

উপজেলা সমাজসেবা অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা শিশু কল্যাণ বোর্ড, শ্যামনগর, সাতক্ষীরা।ফোন

নং-০২৪৭৭৭৪৩৬৩৩